# অন্নপূর্ণায় যুক্ত আরও ৮ লক্ষ

আজকালের প্রতিবেদন

পুজোর মাসে আরও ৮ লক্ষ মহিলা অন্নপূর্ণা যোজনার সুবিধে পেলেন। যাঁরা জুলাই মাসের ৩১ তারিখের মধ্যে আবেদন করেছিলেন এবং এতদিন সেই আবেদনপত্রের যাচাইয়ের কাজ চলছিল, তাঁরাই অক্টোবর মাসে অন্নপূর্ণা যোজনার সঙ্গে যুক্ত হয়েছেন। এই ৮ লক্ষ মহিলা যুক্ত হওয়ায় পুজোর মাসে অন্নপূর্ণা যোজনার ৩ হাজার টাকা পেলেন সব মিলিয়ে রাজ্যের ১ কোটি ৬৪ লক্ষ মহিলা। সেপ্টেম্বর মাস পর্যন্ত এই প্রকল্পের সুবিধে পাচ্ছিলেন ১ কোটি ৫৬ লক্ষ মহিলা। নারী, শিশু বিকাশ ও সমাজ কল্যাণ দপ্তর সূত্রে খবর, এখনও পর্যন্ত ১৫ লক্ষেরও বেশি আবেদন জমা পড়ে রয়েছে। এই আবেদনগুলি দ্রুত খতিয়ে দেখার প্রক্রিয়া চলছে। এছাড়াও অন্নপূর্ণা যোজনা সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য বিশেষ পোর্টাল চালু করেছে রাজ্য সরকার। ইতিমধ্যেই সেই পোর্টালের মাধ্যমে প্রায় ১৫ হাজার অভিযোগ জমা পড়েছে। এগুলিও দ্রুত খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন। তবে নতুন আবেদনপত্র এখনই নেওয়া হচ্ছে না। ডিসেম্বর মাসের শেষে জনকল্যাণ শিবির আয়োজন করার উদ্যোগ নিচ্ছে রাজ্য সরকার। যদি ওই শিবিরের আয়োজন করা হয়, তা হলে সেই শিবিরে ফের নতুন করে অন্নপূর্ণা যোজনার জন্য আবেদনপত্র নেওয়া হবে বলে নবান্ন সূত্রে জানা গেছে। প্রসঙ্গত, এ রাজ্যের বাসিন্দা ২৫ থেকে ৬০ বছর বয়সি মহিলারা এই যোজনার সুবিধে পেতে আবেদন করতে পারেন। তবে কেন্দ্র বা রাজ্য সরকার, কোনও বিধিবদ্ধ সংস্থা, পঞ্চায়েত, পুরসভা বা সরকারি সাহায্যপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানের স্থায়ী কর্মী ও তাঁদের পরিবার, ৬০ বছরের ঊর্ধ্বে পেনশনভোগী, বছরে ১২ লক্ষ টাকার বেশি আয় বা আয়করদাতা পরিবার এবং মাসে ১০ হাজার টাকার বেশি উপার্জনকারী মহিলারা এই প্রকল্পের সুবিধের আওতার বাইরে থাকবেন।



বাগমারির বাসিন্দা মৃত শুভম সোনকারের পরিবারের সঙ্গে দেখা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রয়েছেন শিল্পমন্ত্রী তাপস রায়। মানিকতলায়, শুক্রবার। ছবি: আজকাল

# আজ কাকদ্বীপে মুখ্যমন্ত্রীর জনসভা

গৌতম মণ্ডল

কাকদ্বীপ, ২৩ অক্টোবর

আগামী বছর গঙ্গাসাগর মেলাকে সফল করতে তৎপর রাজ্য প্রশাসন। প্রস্তুতিপর্বের বৈঠক করতে শনিবার কাকদ্বীপে আসছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। কাকদ্বীপ স্টেডিয়াম মাঠে একটি জনসভায় যোগ দেওয়ার পাশাপাশি তিনি রবীন্দ্রভবনে উচ্চপর্যায়ের প্রশাসনিক বৈঠকে অংশ নেবেন। বৈঠকে আসন্ন গঙ্গাসাগর মেলার প্রস্তুতি ও পরিকাঠামো উন্নয়নই প্রধান আলোচ্য বিষয় হতে চলেছে বলে মনে করা হচ্ছে। এই মেলায় পরিকাঠামো আরও উন্নত করতে কী কী পদক্ষেপ করা হবে, তা বৈঠকে গুরুত্ব পাবে। গঙ্গাসাগর মেলাকে 'জাতীয় মেলা' হিসেবে স্বীকৃতি দেওয়ার দীর্ঘ দিনের দাবিটি এই বৈঠকে নতুন করে উঠতে পারে বলেও মনে করা হচ্ছে।

# আন্তর্জাতিক মতুয়া গোসাঁই সম্মেলনে থাকবেন মুখ্যমন্ত্রী

নিরুপম সাহা

ঠাকুরনগর, ২৩ অক্টোবর

মতুয়া সম্প্রদায়ের মানুষের প্রতি নতুন বার্তা দিতে ঠাকুরনগর ঠাকুরবাড়িতে আসছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আগামী ১ নভেম্বর আন্তর্জাতিক মতুয়া গোসাঁই সম্মেলনের দ্বিতীয় বর্ষের অনুষ্ঠান ঠাকুরবাড়ি প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। আর সেই সম্মেলনেই হাজির থাকবেন তিনি।

মুখ্যমন্ত্রী হিসেবে এই রাজ্যের দায়িত্ব নেওয়ার পর এই প্রথমবার ঠাকুরনগর ঠাকুরবাড়িতে আসছেন শুভেন্দু অধিকারী। সারা ভারত মতুয়া মহাসঙ্ঘের সঙ্ঘাধিপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর শুক্রবার বনগাঁর থানার ঘাটে ইছামতী নদীতে দুর্গাপুজোর প্রতিমা নিরঞ্জনের ব্যবস্থাপনা খতিয়ে দেখতে আসেন। সেখানে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান, ওইদিন মুখ্যমন্ত্রী ঠাকুরবাড়ির মন্দিরে পুজো দেবেন, গোসাঁই সম্মেলনে বক্তব্য পেশ করবেন। মতুয়াদের অভাব–অভিযোগ নিয়ে কথা বলবেন। মতুয়াদের জন্য যেসব সরকারি প্রকল্প রয়েছে, সেগুলির সুবিধা যাতে সমস্ত স্তরের মতুয়ারা পেতে পারেন, সে ব্যাপারে এই সম্মেলনে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলবেন মতুয়া গোসাঁইরা।'

সারা ভারত মতুয়া মহাসঙ্ঘের মাতৃসেনার সভানেত্রী তথা বাগদার বিধায়ক সোমা ঠাকুর মুখ্যমন্ত্রীর এই সফরের বিষয়ে জানান, সঙ্ঘাধিপতি শান্তনু ঠাকুরের আহ্বানে দ্বিতীয় গোসাঁই সম্মেলনে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী উপস্থিত থাকবেন।

# ধৃত আরও ১ ঘোষক

● ১ পাতার পর

শুক্রবার সঞ্জীবকে আদালতে তোলা হলে ২৮ অক্টোবর পর্যন্ত তাঁকে পুলিশি হেফাজতে রাখার নির্দেশ দিয়েছে আদালত। তিনি পুজো কমিটির কোষাধ্যক্ষ ছিলেন। অন্য দিকে, পেশায় অ্যাপ ক্যাব চালক কুশল সেদিন ঘোষকের ভূমিকায় ছিলেন বলে তদন্তে জানতে পেরেছে সিট। কুশলকে লালবাজারে এনে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। সপ্তমীর দিন সন্ধেয় মাইকে ঘোষণা করা হয়েছিল, মণ্ডপ যে–কোনও মুহূর্তে ভেঙে পড়তে পারে। হঠাৎ করে এই ঘোষণার পরেই ভিড়ের মধ্যে আতঙ্ক সৃষ্টি হয়, হুড়োহুড়ি পড়ে যায়। তারপরই পদপিষ্ট হয়ে ১৯ জনের মৃত্যুর ঘটনা ঘটে।

সিট তদন্তে নেমে দুই ঘোষককে গ্রেপ্তার করেছে। এদিকে, কুশল গ্রেপ্তার হওয়ার পরই তাঁর স্ত্রী কোয়েল সংবাদমাধ্যমে জানান, চোরবাগান–কাণ্ডের পর কুশল নাকি ফেসবুক লাইভ করেছিলেন। তারপর স্ত্রীকে বলেন, আমি আসছি। এরপর বাড়ি ফিরে ফোন রেখে হাফপ্যান্ট ও স্যান্ডো গেঞ্জি পরে চলে যান। সঞ্জীব রাহা ওরফে সেন্টুকে ধরার জন্য পুলিশ আটটির বেশি মোবাইল নম্বর ট্র্যাক করেছিল। তারপরই নদিয়ায় তাঁর সন্ধান মেলে। কারণ, সেন্টুর ফোন সুইচড অফ ছিল। এই ঘটনার তদন্তে সিট আরও দু'জনকে খোঁজার চেষ্টা করছে। মণ্ডপের চারপাশে থাকা সমস্ত সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হয়েছে। কারা দুই ঘোষককে মণ্ডপ ভেঙে পড়তে পারে, এমন কথা বলতে বলল, সেই দিকটিও দেখা হচ্ছে।

এদিকে, ফরেনসিক রিপোর্টে চাঞ্চল্যকর তথ্য উঠে এসেছে। জানা গেছে, মণ্ডপের ভেতরে এয়ার কন্ডিশনিং সিস্টেম অপর্যাপ্ত ছিল। মোট ২৪টি এসি মেশিনের ক্যাপাসিটি ছিল ১৩৪ টন। কিন্তু ফরেনসিক লিখেছে, মণ্ডপের ভেতরের অংশ এতটাই বড় ছিল এবং যে সংখ্যায় দর্শনার্থী সপ্তমীর দিন জড়ো হয়েছিলেন, সেক্ষেত্রে এসি মেশিনগুলির কার্যক্ষমতা অপর্যাপ্ত ছিল। যত মানুষ স্বাভাবিক নিয়মে ওই অঞ্চলে থাকার কথা, তার চেয়ে অনেক বেশি মানুষ মণ্ডপে ঢুকে পড়েছিলেন। ফলে ভেতরের পরিবেশ উত্তপ্ত হয়ে উঠেছিল। এসি মেশিনগুলি ঠিকঠাক কাজ করছিল না। কলকাতা পুলিশের এক কর্তা জানান, গোটা তদন্তটাই চলছে, যা যা তথ্য সংগ্রহ করা হয়েছে, তার ভিত্তিতেই।

# বাল্যবিবাহ রুখতে বিয়ের মরশুমে রাজ্যে ১০০ দিনের প্রচার

আজকালের প্রতিবেদন

বাল্যবিবাহ রুখতে বিয়ের মরশুমে রাজ্য জুড়ে ১০০ দিনের প্রচার কর্মসূচি নিল রাজ্য সরকার। কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় রাজ্যের প্রতিটি প্রান্তে এই কর্মসূচি চলবে বলে জানিয়েছে নারী শিশু বিকাশ ও সমাজ কল্যাণ দপ্তর। অক্টোবরের শেষ থেকে ডিসেম্বর মাস পর্যন্ত ব্লকে ব্লকে বাল্যবিবাহ রুখতে বিশেষ প্রচার চালানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। এই প্রচার অভিযানে বাল্যবিবাহ কেন বেআইনি, আইন ভাঙলে কী কী শাস্তির বিধান রয়েছে, তা সাধারণ মানুষের কাছে তুলে ধরা হবে। পাশাপাশি ১৮ বছরের আগে মেয়েদের বিয়ে হলে শারীরিক, মানসিক ক্ষেত্রে কী কী সমস্যা তৈরি হতে পারে, তা–ও ব্যাখ্যা করা হবে বলে জানিয়েছেন দপ্তরের এক শীর্ষ আধিকারিক। বাল্যবিবাহ রুখতে ইতিমধ্যেই কড়া ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রাজ্য–প্রশাসনের এই পদক্ষেপের ফলে প্রায় পাঁচ হাজারের বেশি বাল্যবিবাহ আটকানো সম্ভব হয়েছে বলে দপ্তর সূত্রে খবর।

# নভেম্বরে শিক্ষক নিয়োগের ইন্টারভিউ

আজকালের প্রতিবেদন

পুজোর ছুটি শেষ হলেই প্রাথমিক, নবম–দশম ও একাদশ–দ্বাদশে শিক্ষক নিয়োগের ইন্টারভিউ প্রক্রিয়া শুরু হবে। সেক্ষেত্রে নভেম্বর থেকেই শুরু হবে শিক্ষক নিয়োগের ইন্টারভিউয়ের প্রক্রিয়া। স্কুল সার্ভিস কমিশন এবং প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে এমনটাই জানা গেছে। নভেম্বরের মধ্যেই বাকি থাকা ইন্টারভিউয়ের কাজ শেষ করতে চাইছে কমিশন এবং পর্ষদ। সব মিলিয়ে শূন্যপদের সংখ্যা প্রায় ৫০ হাজার। ইতিমধ্যে নতুন ওবিসি সংরক্ষণ নীতি মেনে একাদশ–দ্বাদশে নতুন তালিকা প্রকাশিত হয়েছে। আগের তালিকায় থাকা ২ হাজার ৭৮০ জনের নাম যেমন বাদ গেছে, তেমনি ২ হাজার ৭৮৪ জনের নাম যোগ হয়েছে। এই ২ হাজার ৭৮৪ জনের ভেরিফিকেশন–সহ ইন্টারভিউ চলছে। কয়েকটি বিষয়ের ইন্টারভিউ হয়েও গেছে। বাকি ইন্টারভিউ নভেম্বরের মধ্যে শেষ করার চেষ্টা হচ্ছে। নবম–দশমের ক্ষেত্রেও নতুন ওবিসি সংরক্ষণ নীতি মেনে নতুন ইন্টারভিউয়ের তালিকা প্রকাশিত হয়েছে। সেই ইন্টারভিউ নভেম্বরে করা হতে পারে। দ্রুত নবম–দশম এবং একাদশ–দ্বাদশের নিয়োগ প্রক্রিয়া শেষ করতে চায় কমিশন। কারণ সুপ্রিম কোর্ট শেষ বারের মতো ২০২৭ সালের ৩১ মে পর্যন্ত নিয়োগ প্রক্রিয়ার সময়সীমা বাড়িয়েছে।


## ভারত সরকার
## কর্মী, জনঅভিযোগ ও পেনশন মন্ত্রক
## (কর্মী ও প্রশিক্ষণ বিভাগ)

**কেন্দ্রীয় তথ্য কমিশনে তথ্য কমিশনার পদের জন্য আবেদনের আমন্ত্রণ**

নিউ দিল্লিতে অবস্থিত কেন্দ্রীয় তথ্য কমিশনে প্রয়োজন অনুযায়ী অনধিক দু'টি (২) তথ্য কমিশনার পদ পূরণের জন্য আবেদন আহ্বান করা হচ্ছে।

কেন্দ্রীয় তথ্য কমিশনে তথ্য কমিশনার পদের বিবেচনার জন্য প্রয়োজনীয় যোগ্যতার শর্তাবলীর বিশদ বিবরণ এবং বিবরণ পাঠানোর প্রোফর্মা কর্মী ও প্রশিক্ষণ বিভাগের ওয়েবসাইট: **www.persmin.gov.in** থেকে ডাউনলোড করা যেতে পারে।

বিভাগে সম্পূর্ণ আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ হল **২০.১১.২০২৬**।

cbc 32201/11/0006/2627

AAJKAAL 24.10.2026, KOLKATA, SILIGURI



ICICI Bank

ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল অফিস, জেএসইএল বিল্ডিং, মালব্য নগর, জেএলএন মার্গ, জয়পুর, পিন–৩০২০১৭

**প্রকাশ্য বিজ্ঞপ্তি – সুরক্ষিত পরিসম্পদ বিক্রির জন্য টেন্ডার তথা ই–নিলাম**

[রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি 'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেমন আছে' ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:–

| ক্রম নং | ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদারগণ–এর নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর | জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ | বকেয়া অর্থাঙ্ক | সংরক্ষণ মূল্য / বায়না জমা | সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় | ই–নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| (A) | (B) | (C) | (D) | (E) | (F) | (G) |
| ১ | ঘনশ্যাম (ঋণগ্রহীতা)<br>লীলা (সহ–ঋণগ্রহীতা)<br>লোন অ্যাকাউন্ট নং: LBPLI00005298839 | পাট্টা নং ৩৮, বই নং ৮৪, মিসাল নং ৪৩/২০১৯–২০, গ্রাম পঞ্চায়েত– গুডা কল্লা, চুতরা পঞ্চায়েত সমিতি, সোজাত, পালি, রাজস্থান, পালি–৩০৬১০৩, পরিমাপ– ৯১৩ বর্গফুট। | ₹ ১৬,৯৪,৬৯৭/– ১৩ অক্টোবর, ২০২৬ অনুযায়ী | ₹৭,৫০,০০০/–<br>₹ ৭৫,০০০/– | ৩০ অক্টোবর, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো | ১৬ নভেম্বর, ২০২৫ সকাল ১১টা থেকে দুপুর ১২টা |

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি মেসার্স ভ্যালু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড (ইউআরএল লিঙ্ক: https://BidDeal.in)–এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এতদ্দ্বারা সংশ্লিষ্ট বন্ধকদাতাগণ/ বিজ্ঞপ্তি গ্রহীতাগণকে ১০ নভেম্বর, ২০২৬ বিকেল ৫টার মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাঙ্ক সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে।

সম্ভাব্য ডাকদাতা(গণ)–কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবলের কলাম নং 'E' দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্‌ট (ডিডি) রূপে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল অফিস, জেএসইএল বিল্ডিং, মালব্য নগর, জেএলএন মার্গ, জয়পুর, পিন–৩০২০১৭ ঠিকানাস্থিত অফিসে ১৩ নভেম্বর, ২০২৫ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে এবং তার পরে সর্বশেষ ১৩ নভেম্বর, ২০২৫ বিকেল ৫টার মধ্যে ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের দরপ্রস্তাব ইএমডি জমার প্রমাণ হিসেবে ব্যাঙ্কের তরফে প্রাপ্তিস্বীকার করা ডিমান্ড ড্রাফ্‌টের স্ক্যান করানো কপি সমেত দাখিল করতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, সম্ভাব্য ডাকদাতা(গণ) ওয়েবসাইটের মাধ্যমে দরপ্রস্তাব জমা দিতে না পারলে টেন্ডার ডকুমেন্টের স্বাক্ষরিত কপি স্ক্যান করিয়ে সর্বশেষ ১৩ নভেম্বর, ২০২৫ বিকেল ৫টার মধ্যে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল অফিস, জেএসইএল বিল্ডিং, মালব্য নগর, জেএলএন মার্গ, জয়পুর, পিন–৩০২০১৭ ঠিকানায় জমা দিতে হবে। ইএমডি বাবদ অর্থাঙ্ক কোনও রাষ্ট্রায়ত্ত/ তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে 'ICICI Bank Limited'–এর অনুকূলে Jaipur–তে প্রদেয় ডিমান্ড ড্রাফ্‌ট/ পে–অর্ডার রূপে জমা দিতে হবে।

সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহপূর্বক আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেডে ৯২৫২০৯৭৯৭০ নম্বরে যোগাযোগ করবেন। কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দরপ্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক এই ওয়েবসাইট দেখুন: www.icicibank.com/n4p4s।

তারিখ: ২৪ অক্টোবর, ২০২৬
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড



punjab national bank ...the name you can BANK upon!

**২৬.১১.২০২৬ তারিখের ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

## অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ, দুর্গাপুর

নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর–৭১৩২১৩, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ। ই–মেল: cs8222@pnb.bank.in

**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**ইএমডি (বায়না জমা) এবং নথিপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: ই–নিলামের তারিখ ২৬.১১.২০২৬ দুপুর ২টো পর্যন্ত**

**সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২) অধীনে এই ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে'** এবং **'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

**স্থাবর সম্পত্তিগুলির বিবরণ [সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার গঠনমূলক / বাস্তবিক দখলে রয়েছে]**

| ক্রম নং | শাখার নাম / অ্যাকাউন্টের নাম, ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা | বন্ধক রাখা স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতার নাম] এবং দখলের প্রকৃতি | ক) ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) ১৩(২) নোটিসের তারিখে বকেয়া | ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য (টাকার অঙ্কে) | ই–নিলামের তারিখ ও সময় | সুরক্ষিত ঋণদাতার জানা দায় সম্পর্কিত তথ্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | **শাখা অফিস: ০৬৯০০০– হরিপুরকেন্দা**<br>**অ্যাকাউন্টের নাম: মঙ্গু কাহার**<br>**ঋণগ্রহীতা/ প্রোপ্রাইটর/ জামিনদার:**<br>**১. মাধুরী দেবী কাহার (স্বামী– প্রয়াত মঙ্গু কাহার)**<br>**২. মিঃ অমিত কুমার কাহার**<br>**৩. মিঃ অজিত কাহার (পিতা– প্রয়াত মঙ্গু কাহার)**<br>**৪. মিঃ অক্ষয় কাহার (প্রয়াত মঙ্গু কাহারের আইনি উত্তরাধিকারী)**<br>**৫. মিসেস পুনম দেবী (প্রয়াত মঙ্গু কাহারের আইনি উত্তরাধিকারিণী)**<br>সকলের ঠিকানা: ৭/৯, পিট ছোড়া কোলিয়ারি, পোঃঅঃ– বহুলা, থানা– জামুরিয়া, জেলা– পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩৩২২ | দোতলা বাড়ি সমেত সামান্য কমবেশি ২ কাঠা জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– আসানসোল, ভাগাড় রোড, ওয়ার্ড নং ১৯ (পুরনো) / ৪১ (নতুন), হোল্ডিং নং ৮৭ (এন), আসানসোল পুরনিগমের এলাকাধীন, জেএল নং ২০, আর এস প্লট নং ২০৫৭৫, আর এস খতিয়ান নং ১৩২১৫; এডিএসআর আসানসোল সমীপে রেজিস্টার্ড দলিল নং I–০২০৫–০১০০১/২০২০ অনুসারে সম্পত্তির স্বত্বধারক: প্রয়াত মঙ্গু কাহার, পিতা– প্রয়াত লালমন কাহার।<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ১৯.০৭.২০২৪<br>খ) ০৪.১১.২০২৪<br>গ) ₹২৮,৪২,৮০৯.৭৬<br>(আঠাশ লক্ষ বিয়াল্লিশ হাজার আটশো নয় টাকা এবং ছিয়াত্তর পয়সা মাত্র) | ক) ₹২৬,২২,০০০.০০<br>খ) ₹২,৬২,২০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৬.১১.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে | বর্তমানে ব্যাঙ্কের জানা নেই |
| ২ | **শাখা অফিস: ০২০৪২০– কোক ওভেন**<br>**অ্যাকাউন্টের নাম: খয়রুল আলম**<br>**ঋণগ্রহীতা/প্রোপ্রাইটর/ জামিনদার**<br>**১. মিঃ খয়রুল আলম,** পিতা– প্রয়াত মরহুম মুনশি আবদুস সুকুর<br>ঠিকানা: কাঁকসা, মিরপাড়া (কাঁকসা বয়েজ হাই স্কুলের পাশে), পোঃঅঃ– পানাগড় বাজার, থানা– কাঁকসা, পিন–৭১৩১৪৮ | নিম্নোক্ত ৪ ডেসিমেল মাপের জমি এবং এর উপরিস্থিত বাড়ি বিশিষ্ট ভূসম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: গ্রাম– কাঁকসা, মিরপাড়া, মৌজা– দেবীপুর, জে এল নং ৮৭, এল আর খতিয়ান নং ৮০১, ২০৬ ও ৫৫৬, এল আর দাগ নং ৪৪, পোঃঅঃ– পানাগড় বাজার, থানা– কাঁকসা, জেলা– পশ্চিম বর্ধমান, এডিএসআর– দুর্গাপুরে রেজিস্টার্ড ২০১৪ সালের দলিল নং ০২৭৪৫ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: মিঃ খয়রুল আলম।<br>**[সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ০৮.০৭.২০১৪<br>খ) ২৬.০৯.২০১৪<br>গ) ₹১,১৮,৭৪,৫১০.০০<br>(এক কোটি আঠারো লক্ষ চুয়াত্তর হাজার পাঁচশো দশ টাকা মাত্র) | ক) ₹১৫,১৫,৬০০.০০<br>খ) ₹১,৫১,৫৬০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৬.১১.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে | বর্তমানে ব্যাঙ্কের জানা নেই |
| ৩ | **শাখা অফিস: উখড়া (১৫৩৪১০)**<br>**অ্যাকাউন্টের নাম: মেসার্স রমজান জুট ব্যাগ**<br>**(অ্যাকাউন্ট নং: ১৫৩৪৪০১৫০০০৩৯১)**<br>**মেসার্স রমজান জুট ব্যাগ**<br>**প্রোপ্রাইটর: শেখ রমজান,** পিতা– শেখ জিকরিয়া, গ্রাম ও পোঃঅঃ– রাধামোহনপুর, থানা– সোনামুখী, জেলা– বাঁকুড়া, পিন–৭২২২০৭<br>**১. মিঃ শেখ রমজান (প্রোপ্রাইটর),** পিতা– শেখ জিকরিয়া, গ্রাম ও পোঃঅঃ– রাধামোহনপুর, থানা– সোনামুখী, জেলা– বাঁকুড়া, পিন–৭২২২০৭<br>**২. মিঃ আলাউদ্দিন শেখ (জামিনদার),** পিতা– জিকরিয়া শেখ, গ্রাম ও পোঃঅঃ– রাধামোহনপুর, থানা– সোনামুখী, জেলা– বাঁকুড়া, পিন–৭২২২০৭<br>**৩. মিঃ শেখ গিয়াসউদ্দিন (জামিনদার),** পিতা– জিকরিয়া শেখ, গ্রাম ও পোঃঅঃ– রাধামোহনপুর, থানা– সোনামুখী, জেলা– বাঁকুড়া, পিন–৭২২২০৭<br>**৪. মিঃ জিকরিয়া শেখ (জামিনদার),** পিতা– প্রয়াত শেখ জাহিদ, গ্রাম ও পোঃঅঃ– রাধামোহনপুর, থানা– সোনামুখী, জেলা– বাঁকুড়া, পিন–৭২২২০৭ | (১) ১০.১০.২০০২ তারিখের দলিল নং I–১৪৮৬ অনুযায়ী শেখ রমজান–এর স্বত্বাধীনে মৌজা– উত্তর দরিয়াপুর, রাধামোহনপুর গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, গ্রাম ও পোঃঅঃ– রাধামোহনপুর, থানা– সোনামুখী, জেলা– বাঁকুড়া–তে জে এল নং ১১১, এল আর খতিয়ান নং ৭৩৯, আর এস খতিয়ান নং ২১৬, প্লট নং ৪২৮ ও ৪১২ সংবলিত ৪ শতক মাপের জমি এবং গোডাউনের অপরিহার্য সমগ্র পরিমাণ।<br>**[সম্পত্তিগুলি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]**<br>(২) ১৯৬২ সালের দলিল নং I–৬৬২, I–৬৬৩ ও I–৬৬৪ অনুযায়ী মহঃ জিকরিয়া শেখ–এর স্বত্বাধীনে মৌজা– চৈতন্যপুর, জে এল নং ৯৫, আর এস খতিয়ান নং ৬৮৮, এল আর খতিয়ান নং ২০৬, আর এস প্লট নং ৪৩৯/৮৮৫, এল আর প্লট নং ৫৮৮, ধুলাই গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, পোঃঅঃ– রাধামোহনপুর, থানা– সোনামুখী, জেলা– বাঁকুড়া স্থিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ।<br>**[সম্পত্তিগুলি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]** | ক) ০৫.০৪.২০১৭<br>খ) ০৪.০৭.২০১৭<br>**(প্রতীকী দখল)**<br>গ) ₹৮৩,৫১,২২০.২৫<br>(তিরাশি লক্ষ একান্ন হাজার দুশো কুড়ি টাকা এবং পঁচিশ পয়সা মাত্র) | **সম্পত্তি : ১**<br>ক) ₹৬,৫৯,৭০০.০০<br>খ) ₹৬৫,৯৭০.০০<br>গ) ₹১০,০০০.০০<br>**সম্পত্তি : ২**<br>ক) ₹৫০,৮৬,৮০০.০০<br>খ) ₹৫,০৮,৬৮০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৬.১১.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে | বর্তমানে ব্যাঙ্কের জানা নেই |

**শর্ত ও নিয়মাবলি:**

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:

১. সম্পত্তিগুলি **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে'** এবং **'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে প্রদত্ত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. এই বিক্রি **২৬.১১.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে https://www.baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.baanknet.com** ওয়েবসাইট দেখুন।
৫. বিক্রির শর্ত ও নিয়মাবলি সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে আগ্রহী বিডারগণ অনুগ্রহপূর্বক এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করবেন: মিঃ কুণাল দাস (চিফ ম্যানেজার), মোবাইল: ৯৮৫৯৯৫২২১২।

**সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১) অধীনে ৩০/১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি**

তারিখ: ২৩.১০.২০২৬
স্থান: দুর্গাপুর

চিফ ম্যানেজার এবং অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

**সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল রুল ৮(৬) ও ৯(১) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি**



## আধার হাউজিং ফিনান্স লিমিটেড

Aadhar Housing Finance Ltd

**কর্পোরেট অফিস:** অফিস নং ৫০১ এবং ৫০৩, ৬ষ্ঠ তল, লাইটব্রিজ, সাকি বিহার রোড, আন্ধেরি ইস্ট, মুম্বই সাবার্বান (জেলা), মহারাষ্ট্র ৪০০০৭২

**ব্যারাকপুর শাখা কার্যালয়:** ফ্ল্যাট নং ১-এ, বাড়ি নং ৩১(৭) প্রথম তলা, পুষ্পাঞ্জলি অ্যাপার্টমেন্ট, বারাসাত রোড, ওয়ার্ড নং ৩, দ্বিতীয় লেন, বিধানপল্লী, প্যানাসিয়া নার্সিং হোমের কাছে, ব্যারাকপুর, জেলা– উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ– ৭০০১২২।

হাওড়া শাখা অফিস: ৪র্থ তল, কৃষ্ণা এনক্লেভ, ২০১, ভজনলাল লোহিয়া লেন, এসি মার্কেটের নিকট, হাওড়া– ৭১১১০১ (পশ্চিমবঙ্গ)

**দখল বিজ্ঞপ্তি [পরিশিষ্ট–IV] (স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, আধার হাউজিং ফিনান্স লিমিটেড (এএইচএফএল)–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতি কোম্পানির অনুমোদিত আধিকারিক হিসেবে দাবি বিজ্ঞপ্তি(সমূহ) জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন। সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সম্পর্কিত ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে। বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন নীচে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক ও তদুপরি সুদ সমেত এএইচএফএল–এর প্রতি দায় সাপেক্ষ হবে।

| ক্রম নং | শাখার নাম / ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)–এর নাম | জামিন পরিসম্পদের বিবরণ (স্থাবর সম্পত্তি) | দাবি বিজ্ঞপ্তির তারিখ এবং দাবিকৃত অর্থাঙ্ক | দখলের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | **(লোন কোড: ০৬২১০০০০৩১৫; ব্যারাকপুর শাখা)**<br>**শংকর মণ্ডল (ঋণগ্রহীতা)**<br>**মমতা মণ্ডল (সহ-ঋণগ্রহীতা)** | সামান্য কমবেশি ৩ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– সুবর্ণবিহার, সি এস দাগ নং ৪৫৯৩, আর এস এবং এল আর দাগ নং ৪৫৯৩/৭৪৫৭, যার অনুরূপ এল আর খতিয়ান নং ৮৭৬, তৌজি নং ৭, থানা– কোতোয়ালি–এর সীমানার মধ্যে, বর্তমানে নদিয়া জেলার কৃষ্ণনগরে অবস্থিত। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: পূর্ব– সঞ্জীব মণ্ডলের সম্পত্তি এবং সাধারণ বাথরুম ল্যাট্রিন; পশ্চিম– দুলাল মণ্ডলের সম্পত্তি এবং ১৫ ফুট চওড়া রাস্তা; উত্তর– ৫ ফুট সাধারণ প্যাসেজ; দক্ষিণ– জয়দেব বিশ্বাসের সম্পত্তি। | ১৩.০৫.২০২৬<br>₹১০,৫৪,৮২৩.০০ | ২২.১০.২০২৬ |
| ২. | **(লোন কোড: ০৬২০০০০১০২০; ব্যারাকপুর শাখা)**<br>**গৌতম শীল (ঋণগ্রহীতা)**<br>**গোপাল শীল (সহ-ঋণগ্রহীতা)** | সামান্য কমবেশি ১.৬৫ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– ঘোরালিয়া, দাগ নং ৫৩৬, যার অনুরূপ আর এস খতিয়ান নং ৮৭ এবং এল আর খতিয়ান নং ৪৭৩, তৌজি নং ৯, থানা– শান্তিপুর, এ ডি এস আর– শান্তিপুর এবং ডি এস আর– নদিয়া, জেলা– নদিয়া–এর স্থানীয় সীমানার মধ্যে অবস্থিত। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: পূর্ব– আশিত ঘোষের জমি; পশ্চিম– নারায়ণ সরকারের বাড়ি; উত্তর– জয়দেব সরকারের বাড়ি; দক্ষিণ– রাস্তা। | ১৩.০৫.২০২৬<br>₹৪,১৭,৮৫৭.০০ | ২২.১০.২০২৬ |
| ৩. | **(লোন কোড: ০১৯১০০০০৬৪০; হাওড়া শাখা)**<br>**সুমন দে (ঋণগ্রহীতা)**<br>**সুদীপা দে (সহ-ঋণগ্রহীতা)** | সামান্য কমবেশি ৫১.৩০ ডেসিমেল প্লট জমির উপর নির্মিত ও গঠিত প্রায় ১৪৫.৬ বর্গফুট সুপার বিল্ট আপ এলাকার অপরিহার্য সমগ্র দোকান ঘর যার স্থিতি ও বিবরণ: মৌজা– বনগাঁ, জে এল নং ১১৬, এল আর খতিয়ান নং ৬৩৯৯ এর অন্তর্গত, এল আর দাগ নং ৬৮৭ এর অধীনে, হোল্ডিং নং ১৫৬/৬৫/এ, যশোর রোড/আর ডি বি রোড, থানা– বনগাঁ, ওয়ার্ড নং ৪, বনগাঁ পৌরসভার স্থানীয় সীমানার মধ্যে, জেলা– উত্তর ২৪ পরগনা। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: পূর্ব– বাজারের সাধারণ রাস্তা; পশ্চিম– বাবলা ঘোষের দোকান; উত্তর– কার্তিক চন্দ্র দে–এর সিঁড়ি; দক্ষিণ– বাজারের সাধারণ রাস্তা। | ১০.০৭.২০২৬<br>₹১৫,৯৮,৭০২.০০ | ২২.১০.২০২৬ |
| ৪. | **(লোন কোড: ০৬২১০০০০৭৫৭; ব্যারাকপুর শাখা)**<br>**দিপালী মণ্ডল (ঋণগ্রহীতা)**<br>**হরিদাস মণ্ডল (সহ-ঋণগ্রহীতা)** | সামান্য কমবেশি ১০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ (দাগ নং ২৩৮৩ এর অধীনে ৪ ডেসিমেল, দাগ নং ২৩৮৭ এর অধীনে ৪ ডেসিমেল, দাগ নং ২৩৮৮ এর অধীনে ২ ডেসিমেল) যার স্থিতি ও বিবরণ: মৌজা– বাগানগ্রাম, জে এল নং ৪৩, তৌজি নং ১৫, আর এস দাগ নং ২০৬৩ এবং ২০৬৭ এবং এল আর দাগ নং ২৩৮৩, ২৩৮৭ এবং ২৩৮৮ এর অধীনে, এল আর খতিয়ান নং ২৯৯৮ এর অনুরূপ, সুন্দরপুর গ্রাম পঞ্চায়েতের স্থানীয় সীমানার মধ্যে, থানা– বনগাঁ, জেলা– উত্তর ২৪ পরগনার অধীনে। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: পূর্ব– রবি মণ্ডলের সম্পত্তি; পশ্চিম– কাঁচা রাস্তা; উত্তর– নিমাই মণ্ডলের সম্পত্তি; দক্ষিণ– পাকা রাস্তা। | ১০.০৭.২০২৬<br>₹১০,৫০,৬৪৩.০০ | ২২.১০.২০২৬ |

স্থান: ব্যারাকপুর, হাওড়া
তারিখ: ২৪.১০.২০২৬

অনুমোদিত আধিকারিক
আধার হাউজিং ফিনান্স লিমিটেড